গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
**বাজেট ও অডিট শাখা**

**বিষয়ঃ ০৭/০৫/২০১৫ তারিখ অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC)-এর সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভার তারিখ | ঃ | ০৭/০৫/২০১৫ |
| সময় | ঃ | সকাল ১১:০০ ঘটিকা। |
| স্থান | ঃ | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৬১০-১২)। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-১ দ্রষ্টব্য। |
| সভাপতি | ঃ | জনাব মেছবাহ উল আলম, সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সম্মানিত সভাপতি সভা আরম্ভ করেন। তিনি প্রথমে সভার প্রেক্ষাপট তুলে ধরেন এবং অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত বাজেট পরিপত্র-২ এর আলোকে ২০১৫-১৬ অর্থবছরের বাজেট প্রাক্কলন, ২০১৬-১৮ অর্থবছরের বাজেট প্রক্ষেপণ (উন্নয়ন ও অনুন্নয়ন) ও রাজস্ব প্রাপ্তির ফরমসমূহ যাচাইঅন্তে অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত ব্যয়সীমার আলোকে বাস্তবতার নিরিখে অর্থ বিভাজনের উপর গুরুত্ব আরোপ করেন। অতঃপর সকলকে আলোচনায় অংশগ্রহণের জন্য আহ্বান জানান।

২। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট ও অডিট) সভাকে অবহিত করেন যে, গত ২৬/০৪/২০১৫ তারিখ অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের সভাপতিত্বে বাজেট ওয়ার্কিং গ্রুপের সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত সিলিং-এর ভিত্তিতে প্রতিষ্ঠানভিত্তিক উন্নয়ন ও অনুন্নয়ন বাজেট বিভাজন করা হয় এবং ০৪/০৫/২০১৫ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ে রক্ষিত কম্পিউটারে আইবাস ডাটাএন্ট্রি সম্পন্ন করা এবং স্ব স্ব বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা আহ্বানপূর্বক সভার কার্যবিবরণী এ মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত ছিল। কিন্তু লক্ষ্য করা যায়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন প্রকল্পসমূহ কোডভিত্তিক নির্ধারিত সিলিং-এর মধ্যে প্রস্তাব পরিচালক (পরিকল্পনা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর-নিকট যথাসময়ে প্রেরণ করা হয়নি। এর ফলে অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত সময়ে এ মন্ত্রণালয়ে রক্ষিত আইবাস সিস্টেমে ডাটাএন্ট্রিতে বিলম্ব হয়। ভবিষ্যতে এ বিষয়ে আরও অধিকতর মনোনিবেশ করার অনুরোধ জানানো হয়।

৩। তিনি আরও জানান যে, এ মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের জন্য অর্থ বিভাগ হতে ২০১৫-১৬ অর্থ বছরের বাজেট প্রাক্কলন এবং ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থবছরের বাজেট প্রক্ষেপণে (উন্নয়ন ও অনুন্নয়ন) প্রাথমিক ব্যয়সীমা যথাক্রমে ১৪৫০৫,২৬,০০ হাজার টাকা, ১৫৯৫৫,৭৮,০০ হাজার টাকা এবং ১৭৫৫১,৩৫,০০ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে। অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত ব্যয়সীমা হতে ২০১৫-১৬ অর্থবছরের অনুন্নয়ন বাজেট প্রাক্কলন ৮৯৬৩,৫৬,০০ হাজার টাকা, ২০১৬-১৭ অর্থবছরের প্রক্ষেপণ ৯৯৫৪,৩৪,০০ হাজার টাকা, ২০১৭-১৮ অর্থবছরের ১০৯৩৯,৭৭,০০ হাজার টাকা এবং ২০১৫-১৬ অর্থবছরের উন্নয়ন বাজেট প্রাক্কলন ৫৫৪১,৭০,০০ হাজার টাকা, ২০১৬-১৭ অর্থবছরের প্রক্ষেপণ ৬০০১,৪৪,০০ হাজার টাকা, ২০১৭-১৮ অর্থবছরের ৬৬১১,৫৮,০০ হাজার টাকা চূড়ান্ত প্রস্তাব অনুমোদনের জন্য উপস্থাপন করেন।

৪। যুগ্মসচিব (বাজেট ও অডিট) আরো উল্লেখ করেন, অর্থ বিভাগ কর্তৃক রাজস্ব প্রাপ্তি ২০১৫-১৬ অর্থবছরের প্রাক্কলন ৫৫,৯২,০০ হাজার টাকা, ২০১৬-১৭ অর্থবছরের প্রক্ষেপণ ৫৯,২৭,০০ হাজার টাকা, ২০১৭-১৮ অর্থবছরের প্রক্ষেপণ ৬২,৮২,০০ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে। নির্ধারিত লক্ষ্যমাত্রার আলোকে এ মন্ত্রণালয় এবং এর আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের ২০১৫-১৬ অর্থবছরের প্রাক্কলন ৫৫,৯২,০০ হাজার টাকা, ২০১৬-১৭ অর্থবছরের প্রক্ষেপণ ৫৯,২৭,০০ হাজার টাকা, ২০১৭-১৮ অর্থবছরের প্রক্ষেপণ ৬২,৮২,০০ হাজার টাকা নির্ধারণ করা হয়। তিনি প্রস্তাবিত আয়সীমা চূড়ান্ত অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

৫। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর মহাপরিচালক উল্লেখ করেন যে, তাঁর প্রতিষ্ঠানের রাজস্ব বাজেটের আওতায় ৩টি গাড়ি টিওএণ্ডই ভূক্ত রয়েছে। বিগত বছরে ১টি কার ক্রয় করা হয়েছে, চলতি বছরে ১টি গাড়ি এবং পরবর্তী অর্থবছরে আরেকটি গাড়ি ক্রয় করার লক্ষ্যে অর্থ বরাদ্দের প্রস্তাব করেন। তিনি আরও উল্লেখ করেন যে, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর অনুকূলে ২০১৫-১৬ অর্থবছরে মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ব্যয়সীমার মধ্যে বিভিন্ন কোডে যে অর্থ বরাদ্দ আছে, উক্ত কোডভিত্তিক বরাদ্দকৃত অর্থ সাশ্রয় করে ৩৭.০০ লক্ষ টাকা গাড়ি ক্রয় খাতে বরাদ্দ রাখার প্রস্তাব করেন। অবশিষ্ট ৩৮.০০ লক্ষ টাকা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কোন খাত হতে স্থানান্তর করার অনুরোধ জানান।

৬। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিচালক (অর্থ) উল্লেখ করেন, তাঁর দপ্তরের আওতাধীন ২৪৩২-সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহের অনুকূলে ২০১৫-১৬ অর্থবছরে বরাদ্দকৃত অর্থ হতে ৩৮.০০ লক্ষ টাকা স্থানান্তর করে ২৪৫০-উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর অনুকূলে ন্যস্ত করে গাড়ি ক্রয়ের বিষয়ে তাদের কোন আপত্তি নেই।

৭। এ মন্ত্রণালয়ের উপ-প্রধান (পরিকল্পনা) উল্লেখ করেন যে, অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত উন্নয়ন বাজেট প্রকল্পভিত্তিক চূড়ান্ত করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোতে প্রেরণ করা হয়। এর পরও প্রকল্পভিত্তিক পূর্ব প্রস্তুতি না নিয়ে আইবাস সিস্টেমে ডাটাএন্ট্রি করতে বিড়ম্বনার সৃষ্টি হচ্ছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উন্নয়ন শাখার বাজেট প্রণয়ন, অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশন কর্তৃক চাহিত তথ্যাদি যথাসময়ে সরবরাহের উদ্দেশ্যে সুনির্দিষ্টভাবে একজন অভিজ্ঞ কর্মকর্তাকে এ দায়িত্ব প্রদানের প্রস্তাব করেন। তিনি আরও উল্লেখ করেন, বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে দোকান ভাড়া দেয়া হচ্ছে। কিন্তু সরকার রাজস্ব আয় হতে বঞ্চিত হচ্ছে। সরকারের রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে ভবিষ্যতে করণীয় বিষয় নির্ধারণের প্রস্তাব করেন।

৮। সিনিয়র সহকারী সচিব (বাজেট-১), অর্থ বিভাগ উল্লেখ করেন যে, অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত সিলিং-এর মধ্যে বাজেট ব্যবস্থাপনা কমিটি অর্থ স্থানান্তর করতে পারে। তবে, পুরাতন গাড়ির পরিবর্তে নতুন গাড়ি ক্রয় এবং পুরাতন গাড়ি পরিবর্তন না করে সরাসরি নতুন গাড়ি ক্রয়ের বিষয়ে অর্থ বিভাগের কিছু নিয়ম-কানুন রয়েছে। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর অনুকূলে টিওএন্ডইভুক্ত গাড়ি ক্রয়ের বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণপূর্বক প্রচলিত সকল বিধি-বিধান অনুসরণ করে গাড়ি ক্রয়ের পরামর্শ প্রদান করেন।

৯। সভায় সামগ্রিক আলোচনা ও মতবিনিময়ের প্রেক্ষিতে সভাপতি সরকারের সীমিত সম্পদের সর্বোচ্চ সদ্ব্যবহার নিশ্চিত করার উপর গুরুত্ব আরোপ করেন।

১০। **বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

(১) ২০১৫-১৬ অর্থবছরের অনুন্নয়ন বাজেট প্রাক্কলন ৮৯৬৩,৫৬,০০ হাজার টাকা, ২০১৬-১৭ অর্থবছরের প্রক্ষেপণ ৯৯৫৪,৩৪,০০ হাজার টাকা, ২০১৭-১৮ অর্থবছরের ১০৯৩৯,৭৭,০০ হাজার টাকা এবং ২০১৫-১৬ অর্থবছরের উন্নয়ন বাজেট প্রাক্কলন ৫৫৪১,৭০,০০ হাজার টাকা, ২০১৬-১৭ অর্থবছরের প্রক্ষেপণ ৬০০১,৪৪,০০ হাজার টাকা, ২০১৭-১৮ অর্থবছরের ৬৬১১,৫৮,০০ হাজার টাকা চূড়ান্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয় (পরিশিষ্ট-ক);

(২) রাজস্ব প্রাপ্তি ২০১৫-১৬ অর্থবছরের প্রাক্কলন ৫৫,৯২,০০ হাজার টাকা, ২০১৬-১৭ অর্থবছরের প্রক্ষেপণ ৫৯,২৭,০০ হাজার টাকা, ২০১৭-১৮ অর্থবছরের প্রক্ষেপণ ৬২,৮২,০০ হাজার টাকার লক্ষ্যমাত্রা চূড়ান্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয় (পরিশিষ্ট-খ);

(৩) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর ১টি গাড়ি ক্রয়ের জন্য ২০১৫-১৬ অর্থবছরে ৭৫.০০ লক্ষ টাকা বরাদ্দ এবং প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদনসহ সরকারি বিধি-বিধান অনুসরণ করে ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়;

(৪) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিকল্পনা শাখায় বাজেট প্রণয়ন, প্রতিবেদন প্রেরণ ইত্যাদির বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তাকে সুনির্দিষ্ট দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

১১। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

স্বাক্ষরিত/-
১৩.০৫.২০১৫
(মেছবাহ উল আলম)
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি।

নং-৩৮.০০.২৬৭৫.০০৬.২০.১১৫.১৫-১১৮

তারিখ: ৩০ বৈশাখ ১৪২২ / ১৩ মে ২০১৫

**কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃঃ আঃ যুগ্ম-সচিব, বাজেট-১), ঢাকা।
২. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সদস্য, পরিকল্পনা কমিশন (দৃঃ আঃ উপ-প্রধান, শিক্ষা উইং), ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৫. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
৬. মহাপরিচালক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (IMED), শেরে বাংলা নগর, ঢাকা।
৭. মহাপরিচালক, বাধ্যতামলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
৮. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
৯. অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
১১. যুগ্ম-সচিব (বাজেট ও অডিট), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১২. উপ-প্রধান (পরিকল্পনা), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৩. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
১৪. সিনিয়র সহকারী সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১৫. জনাব মোঃ আলা উদ্দীন, বাজেট এণ্ড অডিট ম্যানেজমেন্ট স্পেশালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
১৬. সহকারী প্রধান (পরি-১), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৭. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
১৮. হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

**সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ**

১. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৩. যুগ্ম-সচিব (বাজেট ও উন্নয়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৪. অফিস কপি।

১৩।০৫।২০১৫
(মোঃ রেজাউল করিম)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৬৩